

“মুজিববর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)



নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০২০- ০৫৬

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭  
২১ এপ্রিল ২০২১

বিষয় : “ফেব্রুয়ারি ২০২১” মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।  
স্থান : প্রবাসী কল্যাণ ভবন, কনফারেন্স রুম (লেভেল-৯)।  
তারিখ ও সময় : ১৪ মার্চ ২০২১, বেলা-১২.০০ টা।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মুশাররাত জেবীন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণ।	কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে অনুমোদিত ডয়িং ডিজাইন অনুযায়ী কার্যক্রম শুরু করার লক্ষ্যে টেন্ডার ডকুমেন্টস প্রস্তুত করে ইজিপিতে টেন্ডার আহবানের বিষয়ে সভায় আলোচনা হয়।	কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে অনুমোদিত ডয়িং ডিজাইন অনুযায়ী করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
২.	কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয় সংক্রান্ত একটি নীতিমালা তৈরীর বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) জানতে চান এ বিষয়ে সহকারী পরিচালক (যানবাহন) বলেন, নীতিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে। তিনি আরও বলেন, নীতিমালা প্রনয়নের নিমিত্ত স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ইতঃপূর্বে গঠিত কমিটি কর্তৃক একটি সভা আহবানপূর্বক নীতিমালা প্রণয়ন সংক্রান্ত সুপারিশ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের জন্য ইতঃপূর্বে গঠিত কমিটি কর্তৃক নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৩.	কল্যাণ বোর্ডের কার্যক্রম প্রচারনার উদ্দেশ্যে বিদেশগামী (আগমনী ও বহির্গমন) কর্মীকে ‘পাসপোর্ট ব্যাগ’ বিতরণ সংক্রান্ত।	বিদেশগামী (আগমনী ও বহির্গমন) কর্মীকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড লিখা ‘পাসপোর্ট ব্যাগ’ প্রদান করলে কল্যাণ বোর্ড সম্পর্কে কর্মীদের সচেতনতা বৃদ্ধি পাবে। তবে কি পরিমাণ ‘পাসপোর্ট ব্যাগ’ তৈরী করতে হবে সে বিষয়ে সার্ভার রিপোর্টের ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে ৬ মাসের জন্য ৩ লক্ষ ‘পাসপোর্ট ব্যাগ’ তৈরীর বিষয়ে সভায় আলোচনা হয়।	বিদেশগামী (আগমনী ও বহির্গমন) কর্মীকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড লিখা ‘পাসপোর্ট ব্যাগ’ বিতরণের নিমিত্ত প্রবাসী কল্যাণ ডেস্কের রিপোর্টের ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে ৬ মাসের জন্য ৩ লক্ষ ‘পাসপোর্ট ব্যাগ’ তৈরীর সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৪.	দাপ্তরিক কার্যক্রমে চাহিদাপত্র অনুযায়ী মালামাল ক্রয় ও সরবরাহ সংক্রান্ত।	সভায় কয়েকজন কর্মকর্তা উল্লেখ করেন যে, তাদের কম্পিউটার ও প্রিন্টার নষ্ট হওয়ায় তা সরবরাহের জন্য রিকুইজিশন দিয়েছেন। কিন্তু পিপিআর অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সময় সাপেক্ষ বিধায় দাপ্তরিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।	দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামালের ক্রয়ের নিমিত্ত টেন্ডার ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং দ্রুততম সময়ে ইজিপিতে টেন্ডার আহবানের কার্যক্রম চলমান।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামালের ক্রয়ের নিমিত্ত টেন্ডার ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং দ্রুততম সময়ে ইজিপিতে টেন্ডার আহবান করার বিষয়ে সভায় আলোচনা হয়।		
৫.	প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি সনদপত্র প্রদান।	২০২১ সাল থেকে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের পাশাপাশি ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সনদপত্র প্রদানের নিমিত্ত নমুনা সনদপত্রটি যাচাই-বাছাইকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২১ সাল থেকে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের পাশাপাশি ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সনদপত্র প্রদানের নিমিত্ত নমুনা সনদপত্রটি যাচাই-বাছাই করে আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (আইআরপি)
৬.	প্রবাসী কর্মী/তাদের পরিবারের সদস্যদের অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত।	প্রবাসী কর্মী/তাদের পরিবারের সদস্যরা বিভিন্ন সময়ে কল্যাণ বোর্ডে বিভিন্ন অভিযোগের বিষয়ে আবেদন করে থাকেন। উক্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে উপপরিচালক (আরপিটি)কে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (ফোকাল পয়েন্ট) এবং সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)কে উক্ত কাজে সহায়তা করণের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবাসী কর্মী/তাদের পরিবারের সদস্য কর্তৃক দাখিলকৃত অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য উপপরিচালক (আরপিটি)কে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (ফোকাল পয়েন্ট) এবং সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)কে উক্ত কাজে সহায়তা করণের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৭.	‘কোভিড-১৯’ কালীন সময়ে প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের পুনর্বাসন সংক্রান্ত।	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে ‘কোভিড ১৯’ কালীন সময়ে প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের পুনর্বাসনের লক্ষ্যে ঢাকা বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে ‘কোভিড ১৯’ কালীন সময়ের (০১ ডিসেম্বর, ২০১৯ হতে ১৪ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত ৬২টি জেলার) সর্বমোট ৯৫০ (নয়শত পঞ্চাশ) জন প্রত্যাগত নারী অভিবাসী কর্মীর তালিকা পাওয়া গেছে।  ‘কোভিড ১৯’ কালীন সময়ের প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের পুনর্বাসনের লক্ষ্যে একটি কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের সামাজিক ও অর্থনৈতিকভাবে পুনর্বাসন ও পুনঃপ্রতিষ্ঠার জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড আইনের ৯(খ) ধারায় দায়িত্ব প্রদান করা হয়েছে।  উক্ত পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত গত ১০-১১ মার্চ/২০২১ তারিখ গোপালগঞ্জ জেলার নারী কর্মীদের সাক্ষাতকার গ্রহণের জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)তে সরেজমিনে গমন করে উক্ত জেলার ৬ (ছয়) জন নারী কর্মীর প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করা হয়েছে এবং ১২-১৩ মার্চ/২০২১ তারিখ ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর ও মাদারীপুর জেলার নারী কর্মীদের সাক্ষাতকার গ্রহণের জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)তে সরেজমিনে গমন করে ফরিদপুর-৩২ জন, রাজবাড়ী-১০ জন, শরীয়তপুর-২ জন ও মাদারীপুর-৫ জন নারী কর্মীর প্রয়োজনীয়	‘কোভিড ১৯’ কালীন সময়ে প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের আনুষ্ঠানিকভাবে বিশেষ প্রনোদনা দেয়ার তারিখ ও সময় মহাপরিচালক মহোদয় নির্ধারণ করবেন।	পরিচালক (অর্থ ও কল্যাণ)



ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		কাগজপত্র সংগ্রহ করা হয়েছে।		
৮.	কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিদ্যমান নীতিমালা সংশোধন/ সংযোজন সংক্রান্ত।	মৃতের এনওসিতে দূতাবাস কর্তৃক লিগ্যাল/বৈধ লিখা থাকলেও বাস্তবে বিএমইটির বহির্গমন ছাড়পত্র থাকে না। বর্তমানে দূতাবাসের এনওসিতে উল্লিখিত বৈধতার ভিত্তিতে কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারকে ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়। আর্থিক অনুদান প্রদানের বিষয়টি আরও স্পষ্টিকরণের জন্য বিদ্যমান আর্থিক অনুদান নীতিমালা সংশোধন/ সংযোজনের বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠানের আলোচনা হয়।	প্রবাসে মৃত কর্মীদের বৈধতার বিষয়ে দূতাবাস কর্তৃক প্রদত্ত এনওসিতে প্রত্যয়ন সাপেক্ষে কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারকে ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।  বিষয়টি আরও স্পষ্টিকরণের নিমিত্ত বিদ্যমান আর্থিক অনুদান নীতিমালা সংশোধন/সংযোজনের বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে একটি সভা করার সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ)
৯.	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত।	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত Power of Attorney/H-Form দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দূতাবাস/হাইকমিশনে তাগিদ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত Power of Attorney/H-Form দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দূতাবাস/ হাইকমিশনে তাগিদ প্রদানের সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
১০.	Power of Attorney তৈরীর জন্য প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত।	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দূতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবারকে Power of Attorney/H Form প্রস্তুতের লক্ষ্যে প্যানেল আইনজীবী নিয়োগসহ বাৎসরিক কোন দেশে কতটি PoA/H Form প্রেরণ করা হয়, প্রত্যেক দেশের PoA/H Form তৈরী করতে কি কি কাগজপত্রের প্রয়োজন, কিভাবে PoA/H Form প্রস্তুত করতে হয় এবং কত টাকার প্রয়োজন হবে ইত্যাদি বিষয়ে একটি সারসংক্ষেপ প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দূতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবার কর্তৃক দাখিলের জন্য Power of Attorney /H Form প্রস্তুতের লক্ষ্যে প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে বিস্তারিত তথ্যাদি সম্বলিত একটি সারসংক্ষেপ প্রস্তুত করে অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ হামিদুর রহমান)  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
 ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপার, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১১। অফিস নথি/২০২১।